ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৭৩৮

আগরতলা, ১৩ নভেম্বর, ২০২৬

অটল বিহারী বাজপেয়ী রিজিওনাল ক্যান্সার সেন্টারে সার্জারি বিষয়ক প্রাক সম্মেলন কর্মশালা সম্পন্ন

দ্য অ্যাসোসিয়েশন অফ সার্জনস অফ ইন্ডিয়া, ত্রিপুরা স্টেট চ্যাপ্টারের উদ্যোগে আজ ট্রেসিকন-২০২৬-এর অংশ হিসেবে আয়োজিত বিশেষ প্রাক সম্মেলন কর্মশালা সম্পন্ন হয়েছে। আগরতলার অটল বিহারী বাজপেয়ী রিজিওনাল ক্যান্সার সেন্টারের ৬ষ্ঠ তলার ওটি কমপ্লেক্সে এই কর্মশালাটি অনুষ্ঠিত হয়। রাজ্যের শল্য চিকিৎসক ও মেডিকেল প্রশিক্ষণার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে এই আয়োজনটি সম্পন্ন হয়। প্রাক সম্মেলন কর্মশালা সেশনে চারটি গুরুত্বপূর্ণ বিভাগে লাইভ ল্যাপারোস্কোপিক সার্জারি প্রদর্শন করা হয়। সেগুলো হল হেপাটোবিলিয়ারি সার্জারি হার্নিয়া সার্জারি, কোলোরেক্টাল সার্জারি ও ব্রেস্ট সার্জারি। লাইভ সার্জারি প্রদর্শনীর পাশাপাশি অংশগ্রহণকারী চিকিৎসকরা অত্যাধুনিক এসএসআই মন্ত্র রোবোটিক সিমুলেটর মেশিনে হাতে কলমে প্রশিক্ষণ গ্রহণ করেন। এই সেশনটি তরুণ সার্জনদের পরবর্তী প্রজন্মের রোবোটিক সার্জারি প্রযুক্তিতে বাস্তব অভিজ্ঞতা অর্জনে বিশেষভাবে সহায়তা হবে। কর্মশালায় ফ্যাকাল্টি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ প্রদান করেন দেশের খ্যাতনামা বিশেষজ্ঞ চিকিৎসক ডা. নিজু পেগু-অনকোসার্জারি, ডা. জয়ন্ত দাস-কনসালটেন্ট ল্যাপারোস্কোপিক সার্জন, নাজারেথ হাসপাতাল, শিলং এবং ডা. দীপঙ্কর শঙ্কর মিত্র-সার্জিক্যাল গ্যাস্ট্রো এন্টারোলজি। অটল বিহারী বাজপেয়ী রিজিওনাল ক্যান্সার সেন্টারের মেডিকেল সুপার এক বিবৃতিতে এই তথ্য জানিয়েছেন।

****